# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বি, বি রোড

নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০১১.৬৪.১৫৭.২৬/১৭৫/১(১৫) তারিখঃ ০৭/০৫/২০২৬ খ্রি.

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর নিয়ন্ত্রণাধীন পবিত্র ঈদ-উল-আযহা ২০২৬ উপলক্ষ্যে অস্থায়ী পশুর হাটের ইজারা বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০২৬ উপলক্ষ্যে ঈদের পূর্ববর্তী ৩ (তিন) দিনের জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনাধীন নিম্নোক্ত অস্থায়ী পশুর হাট ইজারা প্রদানের লক্ষ্যে সামাজিক দূরত্ব এবং সম্পূর্ণ স্বাস্থ্যবিধি মেনে হাট স্থাপনে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেক দরপত্র আহবান করা যাচ্ছে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নগর ভবন, কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের হিসাব শাখা; জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ এর স্থানীয় সরকার শাখা এবং পুলিশ সুপারের কার্যালয়, নারায়ণগঞ্জ এ অফিস চলাকালে নির্ধারিত মূল্যে দরপত্র ক্রয় করা যাবে। নগর ভবন, সিটি কর্পোরেশনের ২টি আঞ্চলিক কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় এবং পুলিশ সুপারের কার্যালয় এ রক্ষিত দরপত্র বাক্সে ইজারা দরপত্র জমা দেয়া যাবে। গৃহীত সকল দরপত্র প্রধান নির্বাহী কর্মকর্তার অফিস কক্ষে ঐ দিনই বিকাল ৩.৩০ মিনিটে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) উন্মুক্ত করা হবে। দরপত্রের সাথে দরদাতার প্রস্তাবিত দরের ১০০% টাকা প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে। দরদাতাকে প্রস্তাবিত মূল্যের উপর অতিরিক্ত আরো ১৫% ভ্যাট ও ১০% আয়করের সমপরিমাণ টাকার পে-অর্ডার দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ইজারা প্রাপ্তির পর ইজারা মূল্যের উপর ১০% জামানত পরিশোধ করতঃ ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদনের পর পশুর হাট বুঝিয়ে দেয়া হবে। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তিটি সিটি কর্পোরেশনের **www.ncc.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।**

| ক্র:নং | অস্থায়ী পশুর হাটের নাম | ২০২৬ খ্রিস্টাব্দের জন্য কাঙ্ক্ষিত মূল্য | বায়নার পরিমাণ (প্রস্তাবিত মূল্যের) | দরপত্র মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|
| ১ | ৩নং ওয়ার্ড সানারপাড় লিথি গার্মেন্টস সংলগ্ন জনাব মৌলভী ফজলুর রহমানের খালি জায়গা | ১২,০০,১০০/- | ১০০% | ৩,২০০/- |
| ২ | ৩ নং ওয়ার্ড মৌচাক মাদানী নগর বালুর মাঠ | ৭,০০,০০০/- | ১০০% | ২,০০০/- |
| ৩ | ৪ নং ওয়ার্ড টাইগার ওয়্যার রি-রোলিং মিলস্ এর মাঠ | ১৪,৬৫,০০০/- | ১০০% | ৩,৬০০/- |
| ৪ | ৫নং ওয়ার্ড বটতলা বাদশা মিয়ার মাঠ | ৩,০০,০০০/- | ১০০% | ১,২০০/- |
| ৫ | ৬ নং ওয়ার্ড এস ও রোড টার্মিনাল সংলগ্ন জনাব সালাউদ্দিন সাহেবের খালি জায়গা | ২,৫০,০০০/- | ১০০% | ১,২০০/- |
| ৬ | ৭নং ওয়ার্ড নাভানা সিটির ১নং মাঠ | ৭,০০,০০০/- | ১০০% | ২,০০০/- |
| ৭ | ৮ নং ওয়ার্ড গোদনাইল ইব্রাহিম টেক্সটাইল মিলস্ এর খালি মাঠ (রেললাইনের পশ্চিমাংশ) | ৪৫,০০,০০০/- | ১০০% | ৯,৬০০/- |
| ৮ | ৯ নং ওয়ার্ড জালকুড়ি দক্ষিণ পাড়া মুক্তিযোদ্ধা আলহাজ্ব মান্নান সাহেব নতুন রোড সংলগ্ন খালি জায়গা | ৭,০০,০০০/- | ১০০% | ২,০০০/- |
| ৯ | ৯ নং ওয়ার্ড জালকুড়ি ওয়াপদা রোডের ডিএনডি খাল সংলগ্ন খালি জায়গা | ১৮,০৬,৬৬৭/- | ১০০% | ৪,৮০০/- |
| ১০ | ৯ নং ওয়ার্ড জালকুড়ি উত্তরপাড়া রাসেল সাহেবের খালি জায়গা | ২৮,৪৩,৩৩৪/- | ১০০% | ৬,৪০০/- |
| ১১ | ১০ নং ওয়ার্ড চিত্তরঞ্জন খেলার মাঠ | ৭,০০,০০০/- | ১০০% | ২,০০০/- |
| ১২ | ১৮ নং ওয়ার্ড ডিয়ারা লুহিয়ার মাঠ | ৩,১২,৫০০/- | ১০০% | ১,৪০০/- |
| ১৩ | ১৯ নং ওয়ার্ড শীতলক্ষ্যা ব্রিজের নীচে খালি জায়গা | ৭,০০,০০০/- | ১০০% | ২,০০০/- |
| ১৪ | ১৯ নং ওয়ার্ড পাওয়ার হাউজ সংলগ্ন খালি জায়গা | ৭,০০,০০০/- | ১০০% | ২,০০০/- |
| ১৫ | ২০ নং ওয়ার্ড সোনাকান্দা মাঠের পশ্চিম পার্শ্বের খালি জায়গা | ২৭,০৪,০০০/- | ১০০% | ৬,২০০/- |
| ১৬ | ২০ নং ওয়ার্ড ফরাজীকান্দা উত্তরপাড়া বালুর মাঠ | ৭,০০,০০০/- | ১০০% | ২,০০০/- |
| ১৭ | ২২ নং ওয়ার্ড জহির কাজীর খালি জায়গা | ৭,০০,০০০/- | ১০০% | ২,০০০/- |
| ১৮ | ২৩ নং ওয়ার্ড কদমরসুল ডিগ্রী কলেজের পশ্চিম পার্শ্বের সিটি কর্পোরেশনের মালিকানাধীন খালি জায়গা | ৭,০০,০০০/- | ১০০% | ২,০০০/- |
| ১৯ | ২৪ নং ওয়ার্ড নবীগঞ্জ গুধারাঘাট সংলগ্ন খালি জায়গা | ১১,৬৪,০০০/- | ১০০% | ৩,০০০/- |
| ২০ | ২৪ নং ওয়ার্ড আলতাফ সাহেবের খালি জায়গা | ৩,২৭,৩৩৪/- | ১০০% | ১,৪০০/- |

| ক্র:নং | অস্থায়ী পশুর হাটের নাম | ২০২৬ খ্রিস্টাব্দের জন্য কাঙ্ক্ষিত মূল্য | বায়নার পরিমাণ (প্রস্তাবিত মূল্যের) | দরপত্র মূল্য (অফেরত যোগ্য) |
|---|---|---|---|---|
| ২১ | ২৫ নং ওয়ার্ড উত্তর লক্ষণখোলা খেয়াঘাট সংলগ্ন খালি জায়গা | ১৮,৮৮,০০০/- | ১০০% | ৪,৪০০/- |
| ২২ | ২৭ নং ওয়ার্ড মুরাদপুর গ্রামের আলহাজ মোতালেব সাহেবের বালুর মাঠ | ৫,১০,০০০/- | ১০০% | ১,৮০০ |

দরপত্র ক্রয় ও দাখিলের সময়সূচি:

| দফা | দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র জমাদানের তারিখ ও শেষ সময় | দরপত্র উন্মুক্তকরণের তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ১১/০৫/২০২৬ খ্রি. হতে ১২/০৫/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা | ১৩/০৫/২০২৬ খ্রি. দুপুর ২.০০ টা পর্যন্ত | ১৩/০৫/২০২৬ খ্রি. বিকাল ৩.৩০ মিনিট |
| ২য় | ১৮/০৫/২০২৬ খ্রি. হতে ১৯/০৫/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা | ২০/০৫/২০২৬ খ্রি. দুপুর ২.০০ টা পর্যন্ত | ২০/০৫/২০২৬ খ্রি. বিকাল ৩.৩০ মিনিট |

বি: দ্র: ১। কোনোভাবেই দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের পর দরপত্র গ্রহণ করা হবে না; এ ব্যাপার দরপত্র দাখিলকারীগণকে বিশেষভাবে সতর্কতা অবলম্বনের অনুরোধ করা হলো।

২। শর্তাবলী দরপত্রের অংশ হিসেবে গণ্য হবে, কর্তৃপক্ষ তালিকা হতে যে কোনো হাট বাতিল বা নতুন হাট সংযোজন করতে পারবে। সকল ইজারাদারকে অবশ্যই ইজারা শর্তাবলী মেনে চলতে হবে।

## শর্তাবলী:

১। হাটের ইজারাদার/ক্রেতা-বিক্রেতা সকলকে আবশ্যিকভাবে মাস্ক, গ্লাভস ও অন্যান্য সুরক্ষা সামগ্রী ব্যবহার করতে হবে। ঘন ঘন হ্যান্ড স্যানিটাইজার ও সাবান দিয়ে হাত পরিষ্কার করতে হবে।

২। ইজারাদারকে আবশ্যিকভাবে অস্থায়ী পশুর হাটে সি.সি.ক্যামেরা স্থাপন করতে হবে। অস্থায়ী পশুর হাট ও তৎসংলগ্ন এরিয়া যেন সি.সি.ক্যামরা আওতায় আসে এবং সি.সি.ক্যামেরার ফুটেজ রেকর্ড সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে কোনো ব্যত্যয় ঘটলে উদ্ভূত পরিস্থিতির দায় ইজারাদারকে ব্যক্তিগতভাবে বহন করতে হবে।

৩। পশুর হাটে ক্রেতা/বিক্রেতা, ইজারাদারসহ আগত সকলকেই ন্যূনতম তিন ফুট শারীরিক দূরুত্ব বজায় রাখতে হবে।

৪। হাটের ইজারাদার পশুর হাটের জন্য নির্ধারিত স্থানে জীবানুমুক্ত খাবার পানি ব্যবস্থা ছাড়া অন্য কোনো প্রকার ভ্রাম্যমান খাবারের দোকান, ফেরিওয়ালা বসাতে পারবেনা। কেউ এ ধরনের দোকান বসালে তাকে ইজারাদার কর্তৃক অপসারণ করতে হবে।

৫। পশুর হাটে অসুস্থ ব্যক্তি, ১০ বছরের কম বয়সী শিশুদের আসা নিরুৎসাহিত করতে হবে।

৬। যেখানে সেখানে ময়লা ফেলা যাবে না। নির্দিষ্ট দূরত্ব পর পর অস্থায়ী ডাস্টবিন স্থাপন করতে হবে। ব্যবহৃত মাস্ক ও গ্লাভসসহ ঝুঁকিপূর্ণ বর্জ্য অপসারণের ব্যবস্থা থাকতে হবে।

৭। পশুর হাট চলাকালীন প্রতিদিন সকাল ৭ টার মধ্যে হাট প্রাঙ্গন অবশ্যই পরিষ্কারের ব্যবস্থা করতে হবে। তাছাড়াও হাট শেষে হাট প্রাঙ্গন চূড়ান্ত পরিষ্কার করে জামানতের জন্য আবেদন করতে হবে।

৮। হাট প্রাঙ্গণে স্থাপিত স্থায়ী ও অস্থায়ী টয়লেটসমূহ ঘন ঘন পরিষ্কার করতে হবে।

৯। হাটে স্থাপিত জাল টাকা সনাক্তকরণ বুথ, মোবাইল ব্যাংকিং এজেন্ট বুথ, পশু স্বাস্থ্য নিরীক্ষা বুথ ইত্যাদি সকল বুথে প্রয়োজনীয় স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে।

১০। হাটে স্বেচ্ছাসেবক টিম গঠন করে তালিকা দাখিল করতে হবে।

১১। মেডিকেল টিম ও প্রাণিসম্পদ চিকিৎসকের জন্য আবশ্যিকভাবে সেবা বুথ থাকতে হবে।

১২। সড়ক ও মহাসড়কের উপর বা ১০ মিটারের মধ্যে কোনো হাট বসানো যাবে না।

১৩। জনজীবনে কোনো ধরনের প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না। আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি করা যাবে না।

১৪। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে এবং দরপত্র সিডিউল ক্রয়ের মূল রশিদ, NID ফটোকপি এবং TIN (যদি থাকে) দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১৫। প্রস্তাবিত দরের সমপরিমাণ অর্থাৎ ১০০ % (একশত ভাগ) টাকা দরপত্রের সাথে প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর অনুকূলে পে-অর্ডার আকারে জমা দিতে হবে এবং প্রস্তাবিত দরের উপর অতিরিক্ত আরো ১৫% ভ্যাট ও ১০% আয়করের সমপরিমাণ টাকার পে-অর্ডার দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। ইজারা প্রাপ্তির পর ইজারা মূল্যের উপর ১০% জামানত পরিশোধ করে সিটি কর্পোরেশন থেকে কার্যাদেশ গ্রহণ করার পর হাটের কার্যক্রম শুরু করতে হবে।

১৬। অস্পষ্ট, কাটা-ছেঁড়া বা ঘষা মাজা দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৭। ইজারা স্থানসমূহের উপর কাঁচা বা পাকা কোনো কাঠামো নির্মাণ করা যাবে না।

১৮। বিক্রিত মূল্যের উপর ৫% হারে অস্থায়ী পশুর হাটের হাসুলী আদায় করতে হবে।

১৯। ইজারাদার কর্তৃক এক বা একাধিক শর্ত ভঙ্গ করা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত সমুদয় টাকা বাজেয়াপ্ত করা হবে।

২০। সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ/ তাঁর প্রতিনিধি প্রয়োজন হলে যে কোনো সময় হাট এলাকা পরিদর্শন করতে পারবেন এবং বাস্তবতার নিরিখে যেকোনো শর্ত আরোপ করতে পারবেন।

২১। হাটের জন্য নির্ধারিত স্থান ব্যতীত সড়ক, মহাসড়ক বা জোরপূর্বক অন্য কারো জায়গায় হাট বসানো যাবেনা।

২২। জলপথ অথবা সড়ক পথে কোরবানি পশুবহনকারী যানবাহনকে থামিয়ে জোরপূর্বক কোনো নির্দিষ্ট হাটে উঠতে বাধ্য করা যাবে না।

২৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৪। নারায়ণগঞ্জ নদী বন্দরাধীন শীতলক্ষ্যা নদীর ফোরশোর সংলগ্ন স্থানের পশুর হাটের বর্জ্য কোনভাবেই নদীতে ফেলা যাবে না এবং বিআইডব্লিউটিএ কর্তৃক রোপিত বৃক্ষ ও নবনির্মিত ওয়াকওয়ের কোনো ক্ষতি করা যাবে না।

২৫। উপরে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে প্রচলিত বিধি বিধান প্রযোজ্য হবে।

০৭/০৫/২৬

(মোঃ নূর কুতুবুল আলম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
ও
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোন: ২২৪৪৩৮৬৯৬
ই-মেইল : secretary@ncc.gov.bd

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০১১.৬৪.১৫৭.২৬/ ৯৭৫/৯(২৫) তারিখ: ০৭ /০৫/২০২৬ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুলিপি দেয়া হলো:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৪। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।
৬। প্রশাসক, উপজেলা পরিষদ/নারায়ণগঞ্জ সদর/বন্দর।
৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদর/বন্দর।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯। নির্বাহী প্রকৌশলী/গণপূর্ত/এল,জি,ই,ডি,নারায়ণগঞ্জ।
১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা নারায়ণগঞ্জ সদর/বন্দর/সিদ্ধিরগঞ্জ থানা ও নৌ- পুলিশ, নারায়ণগঞ্জ।
১২। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৩। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন/ জেলা প্রশাসকের কার্যালয়/পুলিশ সুপারের কার্যালয়/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সদর/বন্দর/প্রধান ডাকঘর, সহকারী কমিশনার ভূমি/সাব-রেজিস্ট্রার/সদর/বন্দর/সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
১৪। সম্পাদক, আমাদের সময় ও সম্পাদক - দেশের আলো ....................................... নারায়ণগঞ্জ। [ তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ৩ কলামে ১২˝ পরিসরে আগামী ০৮/০৫/২০২৬ খ্রি. তারিখে ১ (এক) দিন প্রকাশ করে ৩ কপি এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো]।
১৫। ..............................কর্মকর্তা, তাঁকে বিজ্ঞপ্তিটি মাইকযোগে সিটি কর্পোরেশন ......................এলাকায় ১ (এক) দিন ৬ ঘন্টা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৭/০৫/২৬

(মোঃ নূর কুতুবুল আলম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
ও
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন



CamScanner